

Times Today BD

রেজাউল করিম লিটন | দেশজুড়ে | 24 June, 2025

‘দেশি ফল বেশি খাই, আসুন ফলের গাছ লাগাই’ এ শ্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গায় শুরু হলো তিনদিনব্যাপি ফল মেলা।

আজ মঙ্গলবার বেলা ১১ টায় শহরের কবরী রোডে চুয়াডাঙ্গা খামার বাড়িতে ফল মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম।

মেলা উপলক্ষে শহরে একটি বর্নাত্য শোভাযাত্রা বের হয়।

চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মাসুদুর রহমান সরকারের সভাপতিত্বে মেলার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) এসএম আশিষ মোমতাজ, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ-পরিচালক (শস্য) কৃষ্ণ রায় ও অতিরিক্ত উপ-পরিচালক (উদ্যান) দেবশীষ কুমার দাস, চুয়াডাঙ্গা সদর উপজেলা কৃষি কর্মকর্তা আফরিন বিনতে আজিজ, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, আলমডাঙ্গা উপজেলা কৃষি কর্মকর্তা রেহানা পারভীন,

জেলা সার বিপণন কমিটির সাধারণ সম্পাদক আকবর আলী, মার্কেটিং অফিসার সহিদুল ইসলাম, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি অধ্যাপক কামরুজ্জামান, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের চুয়াডাঙ্গা জেলা শাখার আহবায়ক আসলাম হোসেন অর্ক, মুখ্য সংগঠক সজিব হোসেন প্রমুখ।

প্রধান অতিথি জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম বলেন, ‘চুয়াডাঙ্গার উৎপাদিত নানান জাতের ফলের সমাহার নিয়ে মেলার আয়োজন করা হয়েছে। প্রত্যেকটা ফলই চুয়াডাঙ্গার মাটিতে উৎপন্ন হয়েছে। মেলায় আসবেন চুয়াডাঙ্গার ফল সম্পর্কে আপনাদের ধারণা হবে। মেলার মাধ্যমে দেশবাসী চুয়াডাঙ্গার ফল সম্পর্কে ধারণা লাভ করবে। মেলায় দেশীয় প্রজাতির অনেক ফল স্থান পেয়েছে। যেটা আমরা অনেকে দেখি নাই।

এরপর কৃষকদের মাঝে বিনামূল্যে নারকেল গাছের চারা বিতরণ করা হয়। চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে ফল মেলা আজ মঙ্গলবার থেকে তিনদিন অর্থাৎ ২৪- ২৬ জুন পর্যন্ত সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত থাকবে।

URL: <https://www.timestodaybd.com/public/across-the-country/5118303639>